ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED
*(An enterprise of Bangladesh Power Development Board)*
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।
www.wzpdcl.gov.bd, e-mail: md@wzpdcl.gov.bd

স্মারক নং২৭.২২.৪৭৮৫.০০১.০১.০০১.২২.৯৮৮ তারিখঃ২৩/০৫/২০২২খ্রিঃ

বিষয়ঃ ওজোপাডিকো'র ২০২১-২২ অর্থ বছরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণকে অবহিতকরণ সভার কার্যাবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো। |
| সভার তারিখ | : | ১০মে' ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| সভায় অংশ গ্রহণের মাধ্যম | : | Zoom Cloud Meetings এ্যাপের মাধ্যমে অনলাইন |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় সংযুক্ত গ্রাহকগণের দৃষ্টি আকর্ষণ করে নির্বাহী পরিচালক (প্রকৌশল), ওজোপাডিকো বলেন যে, ওজোপাডিকো'র ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তন্মধ্যে ওজোপাডিকো'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে ২টি অবহিতকরণ সভার আয়োজন করার লক্ষ্যমাত্রা রয়েছে। ইতিপূর্বে ১টি সভা আয়োজিত হয়েছিল।

০২। সভাপতি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনায় সারাদেশে আজ শতভাগ বিদ্যুৎ সুবিধার আওতায় এসেছে। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে ওজোপাডিকো'র এলাকায় নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান, সংযোগ ফি এবং অভিযোগ নিষ্পন্নসহ বিদ্যুৎ সরবরাহের সেবা সম্পর্কিত সভায় অংশীজনদের নিকট থেকে জানতে চাওয়া হয়।

০৩। সভায় উপস্থিত অংশীজনরা নিম্নলিখিত মতামত উপস্থাপন করেনঃ

| ক্রম | গ্রাহকের নাম | ঠিকানা | সম্মানিত অংশীজনের মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব জাহিদ হাসান টোকেন | সাংবাদিক, সভাপতি, প্রেসক্লাব, যশোর। | PDB এর সেবার মানের চেয়ে ওজোপাডিকো'র সেবার মান ভালো। সেবার মান আরোবৃদ্ধি করার জন্য জনবল বৃদ্ধি করার দরকার। লুজকানেকশন আরো ভালোভাবে করার জন্য অনুরোধ জানান যেন বারবার লুজকালেকশন এর প্রবলেম না হয়। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয়। জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। এছাড়া লুজকালেকশন সমস্যা দুরীকরণে সার্ভিস কানেকটর ব্যবহার করার জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, ওজোপাডিকো, যশোরকে নির্দেশনা প্রদান করেন। |
| ২ | হাজী রাশেদুল ইসলাম বিপ্লব | সভাপতি, কুষ্টিয়া প্রেসক্লাব, পূর্ব মজমপুর, কুষ্টিয়া। | বিদ্যুৎ অবস্থা ভাল। ঝড়ের সময় বিদ্যুৎ বিভ্রাটের সৃষ্টি হলেও দ্রুততার সাথে তা সমাধান করে লাইন সচল করে দেন। | ব্যবস্থাপনা পরিচালক ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয়। |
| ৩ | জনাব মোঃ ইবরুল হাসান জোয়াদার | সাধারণ সম্পাদক, চুয়াডাঙ্গা। | বিদ্যুৎ অবস্থা ভালো। ওজোপাডিকো'র নির্বাহী প্রকৌশলী সহ সকল কর্মচারী কর্মকর্তাদের সেবা প্রদানের মান ভালো। পরিশেষে তিনি বিদ্যুতের সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওস সার্কেল, কুষ্টিয়া ও নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, চুয়াডাঙ্গা'কে সেবার মান অক্ষুণ্ণ রাখার জন্য নির্দেশনা দেন। |
| ৪ | জনাব মোঃ জহিরুল ইসলাম | দিশা টাওয়ার, উপজেলা মোড়, কুষ্টিয়া। | কোন সমস্যা নাই। অভিযোগ দিলে তাৎক্ষনিক সমস্যার সমাধান করে দেন। সেবার মান ভালো। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) তাকে ধন্যবাদ জানান। |
| ৫ | জনাব অমৃতাব অপু | সাধারণ সম্পাদক, ভোলা প্রেসক্লাব, ভোলা | ভোলার বিদ্যুতের লাইনের অবস্থা ভালো না। ঝড়-বৃষ্টি হলে বিদ্যুৎ লাইন বন্ধ হয়ে যায়। বিদ্যুৎ | নির্বাহী পরিচালক (প্রকৌশল) তাকে ধন্যবাদ জানান। প্রকল্পের মাধ্যমে বিদ্যুৎ লাইন সংস্কারের কাজ চলমান আছে। দ্রুত সময়ের |

| ক্রম | গ্রাহকের নাম | ঠিকানা | সম্মানিত অংশীজনের মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | অফিসের জনবল এবং গাড়ির সল্পতা আছে। সমস্যা সমুহ সমাধানের জন্য অনুরোধ জানান। | মধ্যে লাইন মেরামত ও গাছপালা কর্তন করার জন্য নির্বাহী প্রকৌশলী, ভোলা বিদ্যুৎ সরবরাহকে নির্দেশ প্রদান করেন। গাড়ি ক্রয়ের কাজ চলমান আছে এবং জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। |
| ৬ | জনাব মোঃ কামরুজ্জামান বাবু | সেক্রেটারি, বাজার কমিটি, নিউমার্কেট, ফরিদপুর। | ওজোপাডিকো'র সেবার মান ভাল। প্রি-পেইড মিটারের ভ্যাট, সারচার্জ ইত্যাদি বিষয়ে জানতে চান। | ব্যবস্থাপনা পরিচালক ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানান এবং বলেন প্রি-পেইড মিটার স্থাপনের সময় গ্রাহককে সকল তথ্য জানানো হয় এবং লিপলেট প্রদান করা হয়। |
| ৭ | জনাব মোঃ কবির হোসেন | বিসিক শিল্প এলাকা, গোপালগঞ্জ | ওজোপাডিকো'র বিদ্যুৎ অবস্থা খুব ভাল। সেবার মান বৃদ্ধি করার জন্য আরো জনবল ও গাড়ীর প্রয়োজন বলে জানান। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে বলে জানান। জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। |
| ৮ | জনাব মিজানুর রহমান | মাগুরা অটো রাইচ মিল, মাগুরা। | ওজোপাডিকো'র সেবার মান বৃদ্ধি করার জন্য আরো গাড়ীর প্রয়োজন বলে জানান। বিদ্যুৎ অবস্থা ভাল। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) তাকে ধন্যবাদ জানান এবং দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে বলে জানান। |
| ৯ | জনাব সাব্বির ভূঁইয়া ছোট | বণিক সমিতি সেক্রেটারি, পুরান বাজার। | ওজোপাডিকো'র বিদ্যুৎ অবস্থা খুব ভাল। সেবার মান বৃদ্ধি করার জন্য আরো গাড়ীর প্রয়োজন বলে জানান। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয় এবং দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে বলে জানান। |
| ১০ | জনাব এস. এম. মতিন মাহমুদ (জাহিদ শিকদার) | কাউন্সিলর ৯নং ওয়ার্ড, পটুয়াখালী পৌরসভা। | জনবলের সংখ্যা বৃদ্ধি করা খুব প্রয়োজন বলে জানান তিনি। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) বলেন জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৫/২২

প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ওজোপাডিকো, খুলনা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক, (অর্থ/প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা।
২. প্রধান প্রকৌশলী, ওএন্ডএম/ইএসসিএস, ওজোপাডিকো, খুলনা।
৩. মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৪. উপ-মহাব্যবস্থাপক, (এইচআর এন্ড এডমিন), ওজোপাডিকো, খুলনা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাণিজ্যিক, ওজোপাডিকো, খুলনা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো, খুলনা, যশোর, কুষ্টীয়া, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী।
৭. APA কমিটির সঙ্গে জড়িত ২০২১-২০২২ অর্থবছরের সকল কর্মকর্তা।
৮. APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা , ব্যবস্থাপক (বাণিজ্যিক), ও নির্বাহী প্রকৌশলী (কারিগরি), সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা।
৯. নির্বাহী প্রকৌশলী, (ICT/MIS), ওজোপাডিকো, খুলনা।
১০. সকল নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, .........................।
১১. দপ্তর নথি ।

২৩/০৫/২২

মল্লিক আবুল কাশেম
ব্যবস্থাপক (বানিজ্যিক) ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ওজোপাডিকো, খুলনা।

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED
*(An enterprise of Bangladesh Power Development Board)*
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।
www.wzpdcl.gov.bd, e-mail: md@wzpdcl.gov.bd

স্মারক নং২৭.২২.৪৭৮৫.০০১.০১.০০১.২২.৯৮৯ তারিখঃ২৩/০৫/২০২২খ্রিঃ

বিষয়ঃ ওজোপাডিকো'র সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যাবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো। |
| সভার তারিখ | : | ১০মে' ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | সকাল ১০:০০ ঘটিকা |
| সভায় অংশ গ্রহণের মাধ্যম | : | Zoom Cloud Meetings এ্যাপের মাধ্যমে অনলাইন |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

০১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তার অনুমতিক্রমে নির্বাহী পরিচালক (প্রকৌশল), ওজোপাডিকো আজকের সভা আয়োজনের উদ্দেশ্য এবং সভার আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করেন। তিনি বলেন যে ওজোপাডিকো'র ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন ও কর্মপরিকল্পনা অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার সক্ষমতা অর্জন ক্ষেত্রে একটি কার্যক্রম হচ্ছে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। এছাড়া ওজোপাডিকো'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ২০২১-২২ অর্থবছরে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান বিষয়ে ২টি অবহিতকরণ সভার আয়োজন করতে হবে। ওজোপাডিকো'র সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী ইতিপূর্বে ১টি সভা আয়োজিত হয়েছিল।

০২. আলোচনা: এরপর সভাপতি ওজোপাডিকো'র সেবা সম্পর্কিত সভার সদস্যগণকে আলোচনায় অংশনিতে আহব্বান জানান।

০৩. সভায় উপস্থিত সদস্যদের মতামত নিম্নে উপস্থিত করা হলো-

| ক্রম | গ্রাহকের নাম | ঠিকানা | সম্মানিত গ্রাহকের মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব এস এম মোস্তাফিজুত রহমান | জনপ্রতিনিধি, রেলিগেট, দৌলতপুর, খুলনা। | ওজোপাডিকো'র বিদ্যুৎ অবস্থা ভাল, সন্তোসজনক এবং বিদ্যুতের কোন সমস্যা নেই। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয়। |
| ২ | জনাব মোঃ হাবিবুর রহমান তারেক | সাংবাদিক, সভাপতি, দিঘলীয়া প্রেসক্লাব | বিদ্যুৎ অবস্থা ভাল তবে জনবল বৃদ্ধি করার প্রয়োজন। বর্ষাকালে লাইন ফল্ট হলে দ্রুত লাইন ঠিক করে বিদ্যুৎ ব্যবস্থা সচল করতে হবে। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয়। জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানানো হয়। |
| ৩ | অধ্যক্ষ রামকৃষ্ণ আশ্রম | পিসি কলেজ রোড, বাগেরহাট | বিদ্যুৎ নিয়ে তার কোন অভিযোগ নেই তবে বর্ষাকালে ঝড়ের সময় বিদ্যুৎ লাইনের তার ছিড়ে বিদ্যুৎ বিভ্রাটের সৃষ্টি হয় যা দ্রুত নিরসন করার দরকার। | ব্যবস্থাপনা পরিচালক ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয়। প্রাকৃতিক দুর্যোগের সময় পূর্ব প্রস্তুতি গ্রহণের মাধ্যমে বিভিন্ন গাছপালা এবং গাছের ডালপালা সহ বিভিন্ন স্থাপনার আঘাতে বিদ্যুৎ লাইনের তার ছিড়ে বিদ্যুৎ বিভ্রাটের সৃষ্টি হলেও দ্রুত বিদ্যুৎ সাভাবিক করা হয়। |
| ৪ | জনাব মির মোশারফ হোসেন বাবু | বণিক সমিতি সভাপতি, যশোর বড়বাজার | গ্রাহকের সমস্যা নির্ধারণ করা প্রয়োজন এবং লোকবলের সল্পতা থাকায় ফল্ট সমাধানে কিছুটা সমস্যা হয়। | ব্যবস্থাপনা পরিচালক ওজোপাডিকো'র সমস্যা দ্রুত সমাধানের জন্য নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, যশোর কে নির্দেশনা দেন। জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। |
| ৫ | জনাব মোঃ মিলন মিয়া | বিসিক শিল্পনগরী, যশোর | তিনি লোডশেডিং মুক্ত করার জন্য বলেন। | ওজোপাডিকো'র পক্ষ থেকে নির্বাহী পরিচালক (প্রকৌশল) বলেন বর্তমানে লোডশেডিং এর সমস্যা নেই তবে ফল্ট সমাধানের জন্য মাঝে মাঝে শাটডাউনের প্রয়োজন হয়। |
| ৬ | জনাব মীর মোশাররফ | পূর্ব মজমপুর, কুষ্টিয়া | বিদ্যুৎ অবস্থা ভাল। বিদ্যুতের কোন সমস্যা হলে তাৎক্ষণিক তা | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং সেবার মান অক্ষুণ্ন রাখার জন্য তত্ত্বাবধায়ক |

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED
*(An enterprise of Bangladesh Power Development Board)*
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০।
www.wzpdcl.gov.bd, e-mail: md@wzpdcl.gov.bd

| ক্রম | গ্রাহকের নাম | ঠিকানা | সম্মানিত গ্রাহকের মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| | হোসেন | | সমাধানের ব্যবস্থা করেন। কোন কারণে বিদ্যুৎ সরবরাহ ব্যহত করার প্রয়োজন হলে তা মাইকিং করে আগেই গ্রাহক দের জানান। | প্রকৌশলী, প ও স সার্কেল, কুষ্টিয়া ও নির্বাহী প্রকৌশলী, বিবিবি-১,২ কুষ্টিয়াকে নির্দেশনা প্রদান করা হয়। |
| ৭ | জনাব মোঃ মতিউর রহমান শামীম | কমিশনার (প্যানেল মেয়র), ফরিদপুর পৌরসভা | ওজোপাডিকো'র সেবার মান বৃদ্ধি করার জন্য পর্যাপ্ত জনবল ও গাড়ী সরবরাহ করার জন্য অনুরোধ জানান। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে বলে অবহিত করেন ও জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। |
| ৮ | জনাব হাজী মোঃ দেলোয়ার হোসেন | সাগর এগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ, বাগমারা, রাজবাড়ী। | ওজোপাডিকো'র বিদ্যুৎ অবস্থা ভাল। সেবার মান বৃদ্ধি করার জন্য আরো জনবল ও গাড়ীর প্রয়োজন বলে জানান। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে ও জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে বলে জানান। |
| ৯ | জনাব মোঃ জাকির হোসেন (বুলু) | ১২ নং ওয়ার্ড কাউন্সিলর, বরিশাল। | প্রথমে তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বিদ্যুৎ অবস্থা ভাল ও লোডশেডিং নেই বলে অবহিত করেন। HOTLINE আছেকিনা সেবিষয়ে জানতে চান। তাকে সভায় আমন্ত্রণ জানানোর জন্য সকলকে ধন্যবাদ জানান। | ওজোপাডিকো'র পক্ষ থেকে তাকে ধন্যবাদ জানানো হয় এবং বলেন ওজোপাডিকো'র HOTLINE নাম্বার ১৬১১৭। |
| ১০ | জনাব আবু সালেহ মোঃ মুসা | সেতু কর্পোরেশন, পাওয়ার হাউজ রোড, পটুয়াখালী | জনবলের সংখ্যা ও গাড়ি বৃদ্ধি করা খুব প্রয়োজন বলে জানান তিনি। দীর্ঘ লাইন যুক্ত বড় ফিডার আছে যা ভাগ করে ছোট করার জন্য বলেন তিনি। | নির্বাহী পরিচালক (প্রকৌশল) বলেন জনবল সংকট নিরসনের জন্য Revise অর্গানোগ্রাম অনুমোদন প্রক্রিয়াধীন আছে এবং দ্রুততার সঙ্গে গাড়ি সরবরাহ করা হবে। বড় ফিডার সমূহ ভাগ করে ছোট করার কাজ চলমান আছে বলে জানান। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৫/২২

প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ওজোপাডিকো, খুলনা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী পরিচালক, (অর্থ/প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা।
২. প্রধান প্রকৌশলী, ওএন্ডএম/ইএসসিএস, ওজোপাডিকো, খুলনা।
৩. মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৪. উপ-মহাব্যবস্থাপক, (এইচআর এন্ড এডমিন), ওজোপাডিকো, খুলনা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাণিজ্যিক, ওজোপাডিকো, খুলনা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিচালন ও সংরক্ষণ সার্কেল, ওজোপাডিকো, খুলনা, যশোর, কুষ্টীয়া, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী।
৭. APA কমিটির সঙ্গে জড়িত ২০২১-২০২২ অর্থবছরের সকল কর্মকর্তা।
৮. APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা , ব্যবস্থাপক (বাণিজ্যিক), ও নির্বাহী প্রকৌশণী (কারিগরি), সদর দপ্তর, ওজোপাডিকো, খুলনা।
৯. নির্বাহী প্রকৌশলী, (ICT/MIS), ওজোপাডিকো, খুলনা।
১০. সকল নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, খুলনা।
১১. দপ্তর নথি ।

২৩/৫/২২

মল্লিক আবুল কাশেম
ব্যবস্থাপক (বানিজ্যিক) ওAPA ফোকাল পয়েন্ট কর্মকর্তা
ওজোপাডিকো, খুলনা।